



“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় সচিবালয়

ওয়াপদা ভবন (২য় তলা), মতিঝিল, ঢাকা
www.bpdb.gov.bd



জন্মদি

স্মারক নম্বর: ২৭.১১.০০০০.১০১.১৯.০১২.২০-১৮৬

তারিখ: ০২ জুন ২০২০

বিষয়: কোভিড-১৯ এর বিস্তার রোধ এবং বিদ্যুৎ কেন্দ্রসমূহ সচল রাখতে কতিপয় নির্দেশনা

করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধ এবং বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা সচল রাখতে বিদ্যুৎ কেন্দ্রসমূহে কর্মকর্তা/কর্মচারীদের করণীয় বিষয়ে ১৮৪৬তম সাধারণ বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের করণীয় বিষয়ে কতিপয় নির্দেশনা প্রদান করা হয়। যা নিম্নরূপ:

- বিদ্যুৎ কেন্দ্রের অভ্যন্তরে অবস্থানরত সকল কর্মকর্তা/কর্মচারীদের বিদ্যুৎ কেন্দ্র এলাকার বাইরে বের হওয়া থেকে বিরত রাখা;
- বিদ্যুৎ কেন্দ্র এলাকার বাইরে অবস্থানরত কর্মকর্তা/কর্মচারীদের নির্ধারিত স্বাস্থ্য কেন্দ্র/হাসপাতাল হতে কোভিড-১৯ পরীক্ষা করে ফলাফল নেগেটিভ হলে তাকে অনূন্য এক মাস বিদ্যুৎ কেন্দ্রে অবস্থানের শর্তে কেন্দ্রের অভ্যন্তরে প্রবেশ করতে দেয়া;
- এক্ষেত্রে স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে স্যাম্পল সংগ্রহের জন্য একটি নির্দিষ্ট দিন নির্ধারণ করা। ঐ দিন বাইরে অবস্থানরত বিদ্যুৎ কেন্দ্রে প্রবেশে ইচ্ছুক কর্মকর্তা/কর্মচারীদের স্যাম্পল প্রদানের জন্য বিদ্যুৎ কেন্দ্রে আসতে বলা;
- স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষের সাথে যোগাযোগ স্থাপনে ব্যর্থ হলে বোর্ডের সহযোগিতা কামনা করা;
- প্রয়োজনে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক বিদ্যুৎ কেন্দ্রে অবস্থানে ইচ্ছুক কোভিড-১৯ পরীক্ষায় নেগেটিভ কর্মকর্তা/কর্মচারীদের আবাসনের ব্যবস্থা করা;
- উল্লিখিত নির্দেশনা প্রতিপালনে কোন অস্পষ্টতা পরিলক্ষিত হলে সদস্য, প্রশাসন/সদস্য, উৎপাদন মহোদয়ের সাথে যোগাযোগ করা।

২। এমতাবস্থায়, বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা সচল রাখার স্বার্থে উপরিউক্ত নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

স্বাক্ষরিত: ০২/০৬/২০২০

(সাইফুল ইসলাম আজাদ)

সচিব

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা

☎: ০২-৯৫৫৪২০৯

Secretary@bpdb.gov.bd

প্রধান প্রকৌশলী/ব্যবস্থাপক

সকল বিদ্যুৎ কেন্দ্র, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।

স্মারক নম্বর: ২৭.১১.০০০০.১০১.১৯.০১২.২০-১৮৬/১(১৩)

তারিখ: ০২ জুন ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/জনপ্রশাসন মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সদস্য, প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/উৎপাদন/কোম্পানি অ্যাফেয়ার্স/বিতরণ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, সকল।
- ৫। সিভিল সার্জন, সকল।
- ৬। সকল প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক(প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী)/মহাব্যবস্থাপক/নিয়ন্ত্রক(হিসাব ও অর্থ)/প্রধান চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৭। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। চীফ স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। সকল পরিচালক/ব্যবস্থাপক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/অতিরিক্ত পরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেন্টার, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা(অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১২। সকল উপসচিব/নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক/আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ১৩। অফিস কপি।

(মোঃ রানা ইকবাল)

উপসচিব (সংস্থাপন)